

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নিবন্ধন অধিদপ্তর
১৪, আবদুল গনি রোড, ঢাকা।
www.rd.gov.bd

২০২২-২০২৩ অর্থবছরের নিবন্ধন অধিদপ্তরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে অনুষ্ঠিত 'নৈতিকতা কমিটির' ২য় সভার কার্যবিবরণী।

সভাপতি	ঃ জনাব শহীদুল আলম বিনু, মহা-পরিদর্শক, নিবন্ধন, নিবন্ধন অধিদপ্তর, ঢাকা।
সভার তারিখ	ঃ ২৩-১০-২০২২খ্রিঃ।
স্থান	ঃ নিবন্ধন অধিদপ্তরের সম্মেলন কক্ষ।
সভার সময়	ঃ ১০.৩০ সকাল।
সভার উপস্থিতি	ঃ পরিশিষ্ট (ক)

আলোচ্য সূচী :

১. বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।
২. জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২২-২০২৩ এর ২য় কোয়ার্টারের কর্ম-পরিকল্পনা নিয়ে আলোচনা।
৩. বিবিধ।

সভার প্রারম্ভে সভায় অংশগ্রহণকারী সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে নিবন্ধন অধিদপ্তরের রেজিস্ট্রি অফিস সমূহের পরিদর্শক ও নৈতিকতা কমিটির সদস্য সচিব জনাব মোঃ জিয়াউল হক বিগত ১০-০৮-২০২২ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীর বিষয়ে কারো কোন মতামত/সংশোধন আছে কিনা সে বিষয়ে জানতে চাওয়া হয়। কোন সংশোধনী না থাকায় বিগত সভার সিদ্ধান্ত সমূহ সর্ব সম্মতি ক্রমে গৃহীত হয়।

০২। সভাপতির অনুমতিক্রমে নিবন্ধন অধিদপ্তরের নৈতিকতা কমিটির সদস্য সচিব ২০২২-২০২৩ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনায় ২য় কোয়ার্টারের কার্যক্রম সমূহের তালিকা ও বাস্তবায়ন অগ্রগতি কার্যপত্র অনুযায়ী সভায় উপস্থাপন করেন। তদবিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। কার্যপত্র অনুযায়ী ২য় কোয়ার্টারের কার্যক্রম সমূহের বিস্তারিত আলোচনার পর নিম্নবর্ণিত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

২.১। শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন

প্রস্তুতকৃত প্রশিক্ষণ কর্মপরিকল্পনা অনুযায়ী আগামী ০৩-১১-২০২২ খ্রিঃ তারিখে নিবন্ধন অধিদপ্তরের কর্মকর্তা ও কর্মচারীগণের জন্য শুদ্ধাচার ও নৈতিকতা বৃদ্ধি সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন করার জন্য সভায় সর্বসম্মতি ক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

২.২। সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholder) অংশগ্রহণে সভা আয়োজন

সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholder) অংশগ্রহণে আগামী ০৯-১১-২০২২খ্রিঃ তারিখে গাজীপুর জেলার জেলা রেজিস্ট্রার কার্যালয়ে অংশীজন সভা আয়োজন করার জন্য সভায় সর্বসম্মতি ক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

২.৩। স্বল্পসময়ে (১ সপ্তাহ) ভূমি অফিসের এলাচি নোটিশ প্রেরণ

সাব-রেজিস্ট্রি অফিস হতে স্বল্পসময়ে (১ সপ্তাহ) ভূমি অফিসে নোটিশ এলাচি প্রেরণ করার জন্য অফিস নির্ধারণ করে সংশ্লিষ্ট জেলা রেজিস্ট্রার কে অবহিত করাসহ তদবিষয়ে পর্যবেক্ষণ করার জন্য দায়িত্ব প্রদান করা হয় রেজিস্ট্রি অফিস সমূহের পরিদর্শক ও নৈতিকতা কমিটির সদস্য সচিব জনাব জনাব মোঃ জিয়াউল হক কে যা উক্ত সভায় সর্বসম্মতি ক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

২.৪। আবেদনের ৫ দিনের মধ্যে দলিলের অবিকল নকল সরবরাহ

আবেদনের ৫ দিনের মধ্যে অবিকলস নকল সরবরাহের জন্য ০১ অফিস নির্ধারণ করে সংশ্লিষ্ট জেলা রেজিস্ট্রার কে অবহিত করাসহ তদবিষয়ে পর্যবেক্ষণ করার জন্য দায়িত্ব প্রদান করা হয় রেজিস্ট্রি অফিস সমূহের পরিদর্শক ও নৈতিকতা কমিটির সদস্য সচিব জনাব জনাব মোঃ জিয়াউল হক কে যা উক্ত সভায় সর্বসম্মতি ক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়।


২.৫। সরকারি যানবাহনের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণ

যানবাহনের নিয়মিত রক্ষণাবেক্ষনের নিমিত্ত প্রগতিতে পাঠানোর জন্য সভায় সর্বসম্মতি ক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়।

২.৬। হেল্প ডেস্ক স্থাপন

হেল্প ডেস্ক স্থাপন করার জন্য জেলা রেজিস্ট্রারগণ কে অবহিত করাসহ তদবিষয়ে পর্যবেক্ষণ করার জন্য দায়িত্ব প্রদান করা হয় রেজিস্ট্রি অফিস সমূহের পরিদর্শক ও নৈতিকতা কমিটির সদস্য সচিব জনাব জনাব মোঃ জিয়াউল হক কে যা উক্ত সভায় সর্বসম্মতি ক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়। ২য় কোয়ার্টারে ২৫ টি অফিসে হেল্প ডেস্ক স্থাপন করার লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(শহীদুল আলম ঝিনুক)
মহা-পরিদর্শক, নিবন্ধন
বাংলাদেশ, ঢাকা

ও


সভাপতি, নৈতিকতা কমিটি।

স্মারক নং-১০.০৫.০০০০.০০৫.৯৯.০০১.২২- ৬৬(৫)

তারিখ : ২৬/১০/২০২২

অনুলিপি অবগতি জন্য প্রেরণ করা হ'ল :-

- ১। জনাব উম্মে কুলসুম, যুগ্ম সচিব (মতামত) ও এপিএ ফোকাল পয়েন্ট, আইন ও বিচার বিভাগ।
- ২। জনাব বীর জ্যোতি চাকমা, সহকারী মহা-পরিদর্শক, নিবন্ধন (অঃ দাঃ)।
- ৩। জনাব মোঃ আব্দুস ছালাম আজাদ, রেজিস্ট্রি অফিস সমূহের পরিদর্শক, রাজশাহী বিভাগ।
- ৪। জনাব খন্দকার হুমায়ুন কবীর, রেজিস্ট্রি অফিস সমূহের পরিদর্শক, বরিশাল বিভাগ।
- ৫। জনাব মোঃ আশরাফুজ্জামান, রেজিস্ট্রি অফিস সমূহের পরিদর্শক, চট্টগ্রাম বিভাগ।
- ৬। জনাব মুশতাক আহমেদ, রেজিস্ট্রি অফিস সমূহের পরিদর্শক, সিলেট বিভাগ।
- ৭। জনাব আবদুছ ছত্তার সিকদার, উচ্চমান সহকারী, খুলনা বিভাগ।
- ৮। জনাব সুমন চৌধুরী, উচ্চমান সহকারী, নিয়োগ শাখা।
- ৯। অফিস কপি।



(মোঃ জিয়াউল হক)

রেজিস্ট্রি অফিসসমূহের পরিদর্শক
খুলনা বিভাগ

নিবন্ধন অধিদপ্তর, ঢাকা

ও

সদস্য সচিব, নৈতিকতা কমিটি।